

2016

BENGALI

(Modern Indian Language)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নির্দেশ অনুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) কলকাতার কোন্ অঞ্চলে জ্ঞানতরঙ্গিণী সভার মিটিং অনুষ্ঠিত হত ?
- (খ) বাবাজী কে ?
- (গ) নবকুমারের স্ত্রীর নাম কী ?
- (ঘ) কর্তা মহাশয় তাঁর পরিবারের সকলকে নিয়ে কোথায় যাওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন ?
- (ঙ) “যখন সায়েব আমার হাতে আছে তখন তোর আর ভয় কী ?” এখানে কোন্ ‘সায়েব’-এর কথা বলা হয়েছে ?

- (চ) সুরমা কে ?
- (ছ) যশোহরের রাজমহিষীর পরিচারিকার নাম কী ?
- (জ) “এবারে তার কণ্ঠশুদ্ধ কণ্ঠ চেপে ধরতে হচ্ছে।”
‘কণ্ঠ’ শব্দের অর্থ কী ?
- (ঝ) মহারাজা প্রতাপাদিত্য উদয়াদিত্যকে কোন্ পরগণা
শাসনের ভার দিয়েছিলেন ?
- (ঞ) বসন্ত রায় কোন্ অঞ্চলের অধিপতি ছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনে উল্লেখিত দুজন
বারবণিতার নাম লেখো।
- (খ) “হোয়াট, তুমি আমাকে লায়র বল? তুমি জান না আমি
তোমাকে এখনি শুট করবো?” কে, কাকে একথা
বলেছেন ?
- (গ) “তুমি আমার এ রাজ্যের যোগ্য নও।” উক্তিটি কে,
কার উদ্দেশ্যে করেছিলেন ?
- (ঘ) রামচন্দ্র রায় কোন্ রাজ্যের রাজা? বিভার সঙ্গে তাঁর
সম্পর্ক কী ?
- (ঙ) “সন্তান যখন ডাকতে গেল তখন কেন এলি নে, তখন
কেন এলি নে! আমার পোড়া কপাল, তোকে কেন
আনতে পারলুম না।” এখানে কে কাকে এই কথাটি
বলেছেন ?

- ৩। ‘ক’ গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং ‘খ’ গুচ্ছ থেকে দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

ক—গুচ্ছ

- (ক) কালীনাথ ও নবকুমার কীভাবে কর্তা মহাশয়ের কাছ থেকে জ্ঞানতরঙ্গিণী সভার মিটিংয়ে যোগদান করার অনুমতি আদায় করেছিল, তা বর্ণনা করো।
- (খ) “এখন আমার প্রার্থনা এই যে, তোমরা সকলে মাথা মন এক করে, এদেশের সোসীয়াল রিফরমেশন যাতে হয় তার চেষ্টা কর।” বক্তা কী ধরণের সোসীয়াল রিফরমেশনের কথা এখানে বলেছেন?
- (গ) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনের কর্তা মহাশয় চরিত্রটি বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ক) “রাজকার্যে ছোটোদেরও অবজ্ঞা করতে নেই মহারাজ! অসহ্য হলেই ছোটোরা জোট বাঁধে, জোট বাঁধলেই ছোটোরা বড়ে হয়ে ওঠে।” প্রসঙ্গের উল্লেখসহ ব্যাখ্যা করো।
- (খ) “সুরমা বিদায় হয়েছে মা, এবার আমি বিদায় হতে এসেছি।” যশোহরের রাজবাড়ি থেকে কীভাবে সুরমাকে বিদায় নিতে হয়েছিল, লেখো।
- (গ) রাজাজ্ঞা পালনের উদ্দেশ্যে মুক্তিয়ার খাঁ যখন উদয়াদিত্যকে বন্দী ও বসন্ত রায়কে হত্যা করার জন্য এসেছিলেন তখন এঁদের মধ্যে যে কথোপকথন হয়েছিল, তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

- ৪। 'ক' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের এবং 'খ' গুচ্ছ থেকে দুটি প্রশ্নের
উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) 'একেই কি বলে সভ্যতা' রচনাটির নামকরণের সার্থকতা
বিচার করো।
- (খ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনের কালীনাথ চরিত্রটি
বিশ্লেষণ করো।
- (গ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসনে নারী চরিত্রগুলির
উপস্থাপনে মধুসূদন দত্তের পারদর্শিতা বিচার করো।
- (ঘ) 'একেই কি বলে সভ্যতা' প্রহসন থেকে উপযুক্ত দৃষ্টান্ত
দিয়ে মধুসূদনের সমাজ-সমালোচনামূলক দৃষ্টিভঙ্গির পরিচয়
দাও।

খ—গুচ্ছ

- (ক) 'প্রায়শ্চিত্ত' নাটকের উদয়াদিত্য চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'প্রায়শ্চিত্ত' নাটকটি ঐতিহাসিক
নাটক, না সাংকেতিক নাটক? তোমার যুক্তিপূর্ণ অভিমত
ব্যক্ত করো।
- (গ) "উদয়াদিত্য, বিভা, ধনঞ্জয়—সকলেই শেষ পর্যন্ত পথে
নামিয়া পড়িল।" 'প্রায়শ্চিত্ত' নাটকটির পরিসমাপ্তি
সম্বন্ধে আলোচনা করো।
- (ঘ) 'প্রায়শ্চিত্ত' নাটকের ধনঞ্জয় চরিত্রটিকে বিশ্লেষণ করো।
